**জনতা ব্যাংক লিমিটেড**
**প্রধান কার্যালয়, ঢাকা**
**www.jb.com.bd**

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন ঃ ২২৩৩৫০৬৬৬, ২২৩৩৮৫০৪৪

**নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১১৮৩/২৩**

তারিখ ঃ ২৪ জানুয়ারী, ২০২৩ ইং
১০ মাঘ, ১৪২৯ বাংলা

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি অ্যান্ড সিইও/ সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে 'জনতা ব্যাংক লিমিটেড হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২'।**

মহোদয়,
প্রতিটি প্রতিষ্ঠান নির্দিষ্ট বিধিবিধান ও আইন দ্বারা পরিচালিত হয়ে থাকে। প্রতিষ্ঠানের পদ্ধতিগত উন্নয়ন, সংস্কার ও সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত কর্মচারিগণ সেসব বিধিবিধান, আইনকানুন, সততা ও নৈতিকতার সাথে মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এটা নিশ্চিত করাও প্রত্যেকের দায়িত্ব। ব্যাংকিং কর্মকাণ্ড পরিচালনার পাশাপাশি ব্যাংকের কর্মচারিগণের মাঝে পারস্পরিক শ্রদ্ধাবোধ, ন্যায়পরায়ণতা, ন্যায়বিচার, আইনের শাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা, সততা ও নিরপেক্ষতা নিশ্চিত করা জরুরি। এ প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক হুইসেল ব্লোয়িং পলিসি প্রণয়নের পরিকল্পনা ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

জনতা ব্যাংক লিমিটেড-এর জনসম্পদ এবং জনসংযোগের উন্মুক্ত ব্যবস্থাপনা, সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সম্ভাব্য বা প্রকৃত অন্যায়ের বিরুদ্ধে প্রতিকার ও প্রতিরোধমূলক ব্যবস্থা নিশ্চিতকল্পে পরিচালনা পর্ষদের গত ২০/১২/২০২২ তারিখের ৭৪৯তম সভায় **'জনতা ব্যাংক লিমিটেড হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২'** অনুমোদন দেওয়া হয় (পরিশিষ্ট-ক)।

এ ধারাবাহিকতায় পরিচালনা পর্ষদের গত ১০/০১/২০২৩ তারিখের ৭৫২তম সভায় হুইসেল ব্লোয়িং ন্যায়পাল মনোনয়ন দেওয়া হয়। হুইসেল ব্লোয়িং ন্যায়পাল এর তথ্যাদি নিম্নে দেওয়া হলো:

| ন্যায়পালের নাম | যোগাযোগের ঠিকানা |
|---|---|
| জনাব কে এম সামছুল আলম | পরিচালক, পরিচালনা পর্ষদ, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।<br>মোবাইল: ০১৫৫৪৩৩৫৮০০ ইমেইল: alamshamsul91@gmail.com |

জনতা ব্যাংক লিমিটেড হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২ বাস্তবায়ন এবং এ সংক্রান্ত সাচিবিক দ্বায়িত্ব পরিপালনসহ পরবর্তী সকল কার্যক্রম ভিজিল্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক সম্পাদিত হবে বিধায় সাচিবিক দায়িত্ব পালনকারী ডিপার্টমেন্ট এর তথ্যাদি নিম্নে দেওয়া হলো:

| সাচিবিক দায়িত্ব পালনকারী ডিপার্টমেন্ট | যোগাযোগের ঠিকানা |
|---|---|
| ভিজিল্যান্স ডিপার্টমেন্ট | জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়,<br>১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।<br>ফোন:+৮৮-০২-২২৩৩৮৪২৪৪,+৮৮-০২-২২৩৩৮৫৪৬২<br>ইমেইল: mdsquad@janatabank-bd.com |

এমতাবস্থায়, এ ব্যাংকের সকল শাখা/অফিস এবং নির্বাহী,কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে **'জনতা ব্যাংক লিমিটেড হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২'**- যথাযথভাবে সংরক্ষণ, পরিপালন ও অনুসরণের লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ বিজ্ঞপ্তি জারী করা হল।

ছাবিকুন নাহার
উপমহাব্যবস্থাপক

মোঃ আনোয়ার হুসাইন ২৪.০১.২৩
মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-ক

# জনতা ব্যাংক লিমিটেড হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২

(২০/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৪৯ তম সভায় অনুমোদিত)

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়, ঢাকা।

জনতা ব্যাংক লিঃ এইচ আর ডি ডি প্রধান কার্যালয়, ঢাকা

# সূচিপত্র


| ক্রম | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | ভূমিকা | ১ |
| ২. | শিরোনাম ও প্রবর্তন | ১ |
| ৩. | হুইসেল ব্লোয়িং পলিসির লক্ষ্য | ১ |
| ৪. | সংজ্ঞা | ২ |
| ৫. | হুইসেল ব্লোয়িংয়ের এখতিয়ার | ২ |
| ৬. | প্রকাশিতব্য বা রিপোর্টযোগ্য অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড | ২ |
| ৭. | হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল | ২ |
| ৮. | ন্যায়পালের করণীয় | ৩ |
| ৯. | রিপোর্ট গ্রহণকারী কর্তৃপক্ষ | ৩ |
| ১০. | অবৈধ/অনৈতিক কর্মকাণ্ডের তথ্য প্রদান | ৪ |
| ১১. | হুইসেল ব্লোয়িং পলিসির পরিপালন ও অনুশীলন | ৪ |
| ১২. | হুইসেল ব্লোয়ারের সুরক্ষাব্যবস্থা | ৪ |
| ১৩. | নামবিহীন বা বেনামি হুইসেল ব্লোয়িং | ৪ |
| ১৪. | বিবিধ | ৪ |

# জনতা ব্যাংক লিমিটেড হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২

## ০১। ভূমিকা:

জনতা ব্যাংক লিমিটেড বাংলাদেশের অন্যতম বৃহৎ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক। দি বাংলাদেশ ব্যাংকস্ (ন্যাশনালাইজেশন) অর্ডার, ১৯৭২ (১৯৭২ সালের প্রেসিডেনশিয়াল অর্ডার নং ২৬) জারির মাধ্যমে সর্বপ্রথম তৎকালীন **দি ইউনাইটেড ব্যাংক লিমিটেড** এবং **দি ইউনিয়ন ব্যাংক লিমিটেড** একীভূত করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক জাতীয়করণের মাধ্যমে জনতা ব্যাংক সৃষ্টি হয়। পরবর্তীতে গত ১৫.১১.২০০৭ তারিখ হতে জনতা ব্যাংক লিমিটেড হিসেবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নসহ সামগ্রিক অর্থনীতির উন্নয়নে এ ব্যাংক গুরুত্বপূর্ণ অবদান রেখে সামনের দিকে এগিয়ে চলছে। বর্তমানে জনতা ব্যাংক লিমিটেড একটি আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে ৯২১টি শাখার মাধ্যমে দেশে ও বিদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। এ বিশাল নেটওয়ার্ক, অনলাইন/ডিজিটাল ব্যাংকিং, গ্রাহক এবং বিভিন্ন পণ্য ও সেবার মাধ্যমে জনতা ব্যাংক লিমিটেড তার ব্যাংকিং কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে প্রতিনিয়ত নতুন নতুন মাত্রা সংযোজিত করছে।

প্রতিটি প্রতিষ্ঠান নির্দিষ্ট বিধিবিধান ও আইন দ্বারা পরিচালিত হয়ে থাকে। প্রতিষ্ঠানের পদ্ধতিগত উন্নয়ন, সংস্কার ও সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত কর্মচারিগণ সেসব বিধিবিধান, আইনকানুন, সততা ও নৈতিকতার সাথে মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এটা নিশ্চিত করাও প্রত্যেকের দায়িত্ব। ব্যাংকিং কর্মকাণ্ড পরিচালনার পাশাপাশি ব্যাংকের কর্মচারিগণের মাঝে পারস্পরিক শ্রদ্ধাবোধ, ন্যায়পরায়ণতা, ন্যায়বিচার, আইনের শাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা, সততা ও নিরপেক্ষতা নিশ্চিত করা জরুরি। এ প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক হুইসেল ব্লোয়িং পলিসি প্রণয়নের পরিকল্পনা ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

### হুইসেল ব্লোয়িং পলিসির ভিশন:

জনতা ব্যাংক লিমিটেড-এর জনসম্পদ এবং জনসংযোগের উন্মুক্ত ব্যবস্থাপনা, সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সম্ভাব্য বা প্রকৃত অন্যায়ের বিরুদ্ধে প্রতিকার ও প্রতিরোধমূলক ব্যবস্থা নিশ্চিতকরণ।

### হুইসেল ব্লোয়িং পলিসির মিশন:

জনতা ব্যাংক লিমিটেড-এ প্রাসঙ্গিক নীতিমালা/নির্দেশাবলি/পরামর্শ/সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুসারে সকল কর্মচারীকে প্রচলিত আইন ও বিধিমোতাবেক ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় উৎসাহিত করা। সৎ ও শুদ্ধাচারী ব্যাংকারের মাধ্যমে গ্রাহকদেরকে উন্নতমানের সেবা প্রদান করে এবং ব্যাংকিং নেটওয়ার্কের সকল স্তরে কর্পোরেট সুশাসন নিশ্চিত করে জনতা ব্যাংক লিমিটেড দেশে বৃহত্তম কার্যকরী বাণিজ্যিক ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করা।

## ০২। শিরোনাম ও প্রবর্তন:

এ পলিসি **হুইসেল ব্লোয়িং পলিসি ২০২২** নামে অভিহিত হবে যা জনতা ব্যাংক লিমিটেড-এর সকল কর্মচারীর জন্য প্রযোজ্য।

## ০৩। হুইসেল ব্লোয়িং পলিসির লক্ষ্য:

ক. জনতা ব্যাংক লিমিটেড-এ নিয়োজিত কর্মচারী, তাদের সাথে সংশ্লিষ্ট সকলের অধিকার এবং চরিত্রনিষ্ঠা প্রতিষ্ঠার জন্য প্রাসঙ্গিক আইনকানুন ও বিধিবিধানের কার্যকর প্রয়োগ নিশ্চিত করা;

খ. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল'-এর মূল প্রতিপাদ্য 'রাষ্ট্র ও সমাজের সকল স্তরে দুর্নীতি নির্মূল ও শুদ্ধাচার প্রতিষ্ঠা' বিষয়ে সংগতি রেখে ব্যাংকের কর্মচারিগণ কর্তৃক দুর্নীতিমুক্তসহ শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পরিপালন করা;

গ. জনতা ব্যাংক লিমিটেড-এর সকল স্তরে অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড নির্মূলের মাধ্যমে ব্যাংকিং সেক্টরে পরিপূর্ণ আস্থাভাজন হিসেবে সুনাম অব্যাহত রাখা;

ঘ. ব্যাংকের কর্মচারিগণ যাতে পূর্ণ নিরাপত্তার সাথে বৈধ উপার্জিত আয় ও নৈতিক কর্মকাণ্ডে সোচ্চার থেকে স্বীয় দায়িত্ব অব্যাহত রাখে সে মর্মে উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা;

ঙ. অবৈধ বা অনৈতিক কর্ম সংঘটনকারী কর্মচারীর বিরুদ্ধে জনতা ব্যাংক লিমিটেড চাকুরি প্রবিধানমালার আওতায় শাস্তিমূলক ব্যবস্থা নিশ্চিত করা।

০৪। সংজ্ঞা:

ক. **হুইসেলব্লো বা হুইসেল ব্লোয়িং** বলতে ব্যাংকের অভ্যন্তরে কর্মচারিগণ কর্তৃক সংঘটিত অবৈধ বা অনৈতিক কাজ, দেশের ও ব্যাংকের প্রচলিত আইন/বিধিবিধান/নীতি/নিয়মাচার/সার্কুলারবিরোধী ও অগ্রহণযোগ্য কর্মকাণ্ডের বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তথ্যপূর্ণ ও সুনির্দিষ্ট রিপোর্ট অথবা এ বিষয়ে তথ্যভিত্তিক সাক্ষ্যপ্রমাণাদি উপস্থাপনকে বুঝাবে;

খ. **হুইসেলব্লোয়ার** বলতে পলিসিতে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক হুইসেলব্লো অথবা অবৈধ বা অনৈতিক কাজের বিষয়ে যিনি যথাযথ কর্তৃপক্ষের নিকট তথ্য ও সাক্ষ্যপ্রমাণাদি প্রদান করবেন ও উপস্থাপন করবেন তাকে বুঝাবে;

গ. **অবৈধ ও অনৈতিক কর্ম** বলতে দেশের প্রচলিত ও ব্যাংকের বিদ্যমান বিধিবিধানবর্জিত ও আইনসংগত নয় বা ব্যাংকের জন্য ক্ষতিকর সংঘটিত এমন অসদাচরণ, দুর্নীতি ও জাল-জালিয়াতি, অর্থ আত্মসাৎ, প্রতারণা ইত্যাদি নিজে বা অপরাপর সংঘটন করা বুঝাবে;

ঘ. **উপযুক্ত কর্তৃপক্ষ** বলতে সংশ্লিষ্ট কার্যাদি নিষ্পত্তির জন্য 'জনতা ব্যাংক লিমিটেড চাকুরি প্রবিধানমালা ২০২০' অনুযায়ী সংজ্ঞায়িত কর্তৃপক্ষকে বুঝাবে;

ঙ. **ব্যবস্থাপনা কর্তৃপক্ষ** বলতে ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর অ্যান্ড সিইও এবং তার দুই স্তর পর্যন্ত অধস্তন কর্মচারীকে বুঝাবে;

চ. **কর্তৃপক্ষ** অর্থ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কিংবা উক্ত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোনো কর্মচারী এবং উক্ত কর্মচারীর উর্ধ্বতন কোনো কর্মচারীও এর অন্তর্ভুক্ত হবেন;

ছ. **কর্মচারী** অর্থ 'জনতা ব্যাংক লিমিটেড-এর গ্রেড (১-২০) নির্বিশেষে সকল স্থায়ী কর্মচারী;

জ. **ব্যাংক** অর্থ জনতা ব্যাংক লিমিটেড।

**০৫। হুইসেল ব্লোয়িংয়ের এখতিয়ার:**

ব্যাংকের কর্মচারিগণ পলিসিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতিতে হুইসেল ব্লোয়িংয়ের এখতিয়ারবান হবেন।

**০৬। প্রকাশিতব্য বা রিপোর্টযোগ্য অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড:**

নিম্নবর্ণিত অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড হুইসেল ব্লোয়িং উপযোগী হিসেবে প্রকাশিতব্য বা রিপোর্টযোগ্য বলে গণ্য হবে:

ক. দুর্নীতি, তহবিল তছরুপ, অর্থ আত্মসাৎ সম্পৃক্ত যেকোনো আর্থিক অনিয়মসংক্রান্ত অপরাধ;
খ. অসদাচরণ, জাল-জালিয়াতি ও প্রতারণা;
গ. সংশ্লিষ্ট আইনকানুন, বিধিবিধান, কোড অব কন্ডাক্ট, নীতিমালা/জারীকৃত সার্কুলার ইত্যাদির লঙ্ঘন;
ঘ. ব্যাংকের কোনো কর্মচারী কর্তৃক ইচ্ছাকৃত ও অনৈতিকভাবে ব্যক্তিস্বার্থে আর্থিক সুবিধা গ্রহণ ও প্রদান;
ঙ. নারী কর্মচারীদের প্রতি এমন অসৌজন্যমূলক ও অসম্মানজনক আচরণ যা রাষ্ট্রীয় আইনে শাস্তিযোগ্য হয়;
চ. ব্যাংকের যেকোনো আর্থিক প্রতিবেদনে ইচ্ছাকৃতভাবে অসত্য তথ্য উপস্থাপন বা সঠিক তথ্য গোপন ইত্যাদি;
ছ. ব্যাংক ব্যবসায়ের জন্য ক্ষতিকর হয় এমন সব তথ্য কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ইচ্ছাকৃতভাবে কোনো কর্মচারী কর্তৃক প্রকাশ ও প্রচার করা;
জ. ইচ্ছাকৃতভাবে অন্য উদ্দেশ্যে নিরীক্ষকের কাজে বাধা সৃষ্টির উদ্দেশ্যে কোনো নথিপত্র গোপন করা;
ঝ. ইচ্ছাকৃতভাবে অন্য উদ্দেশ্যে অর্পিত/নির্ধারিত ক্ষমতার অপব্যবহার;
ঞ. ইচ্ছাকৃতভাবে অন্য উদ্দেশ্যে ব্যাংক কর্তৃপক্ষের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কাজ বা ব্যাংকের স্বার্থ পরিপন্থী যেকোনো কার্যক্রম।

**০৭। হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল:**

ক. ব্যাংকের পরিচালনা পর্ষদের যেকোনো একজন পরিচালক যিনি হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল হিসেবে পর্ষদ কর্তৃক মনোনীত হবেন। এ ক্ষেত্রে পর্ষদসদস্য হিসেবে বিচার বিভাগীয় অবসরপ্রাপ্ত কোনো বিচারক থাকলে তাঁকে অগ্রাধিকার দেওয়া হবে;

খ. যেকোনো কর্মচারী **হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল**-এর সাথে প্রয়োজনে সরাসরি টেলিফোন, ই-মেইল, ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে পারবেন এবং তিনি (ন্যায়পাল) হুইসেলব্লোয়ারের রক্ষাকবচ হিসেবে দায়িত্ব পালন করবেন;

গ. হুইসেল ব্লোয়িং-সংক্রান্ত সকল কার্যক্রম ব্যাংকের ভিজিল্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক পরিপালন ও পরিচালিত হবে। উক্ত ডিপার্টমেন্ট **হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল**-এর সাচিবিক দায়িত্ব পালন করবে।




**০৮। ন্যায়পালের করণীয়:**

ক. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড-সম্পর্কিত রিপোর্টের বিষয়বস্তুর গুরুত্ব ও স্পর্শকাতরতার মাত্রা বিবেচনায় ন্যায়পাল দ্রুততার সাথে তা নিষ্পত্তির জন্য নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করবেন:

১. ভিজিল্যান্স ডিপার্টমেন্টের মাধ্যমে অথবা ন্যায়পাল কর্তৃক বহিঃনিরীক্ষক দল নিয়োগের মাধ্যমে অথবা ন্যায়পাল কর্তৃক উপযুক্ত টিম গঠনের মাধ্যমে স্বাধীনভাবে অথবা ন্যায়পালের সরাসরি তত্ত্বাবধানে তদন্ত কার্যক্রম সম্পাদিত হবে;

২. প্রয়োজনে ন্যায়পালের সুপারিশের প্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষ তদন্তের বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ এক বা একাধিক কর্মচারীকে তদন্তকাজে সম্পৃক্ত করতে পারবে;

৩. **ন্যায়পাল সচিবালয়ের** কার্যক্রম সুষ্ঠু ও দ্রুততার সাথে সম্পাদন এবং রিপোর্টযোগ্য বা প্রকাশিতব্য অনৈতিক ও অবৈধ কর্মকাণ্ড বা এতৎসংক্রান্ত অভিযোগের সুষ্ঠু তদন্তের নিমিত্ত ন্যায়পালের চাহিদা মোতাবেক ব্যাংকের ডিভিশন/নিয়ন্ত্রণকারী কার্যালয়/শাখা বা যেকোনো পর্যায়ের কর্মচারী সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে এবং তথ্য প্রদানকারীর পরিচয় গোপন থাকবে।

খ. উপঅনুচ্ছেদ (ক)-এর মাধ্যমে সম্পাদিত তদন্তে কোনো কর্মচারী বা কর্মচারিগণের বিরুদ্ধে অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড প্রমাণিত হলে ন্যায়পালের পরামর্শ অনুসরণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিদ্যমান **জনতা ব্যাংক লিমিটেড চাকুরি প্রবিধানমালা** অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা গ্রহণপূর্বক ন্যায়পালকে অবহিত করবে;

গ. তথ্য প্রদানকারীর তথ্যে কোনো স্পষ্টীকরণ, ব্যাখ্যা বা বিশ্লেষণ প্রয়োজন হলে সংশ্লিষ্ট তথ্য প্রদানকারীর সাক্ষাৎকার গ্রহণ করা যাবে;

ঘ. হুইসেল ব্লোয়িং পলিসি এবং এর কার্যপ্রক্রিয়া সম্পর্কে কর্তৃপক্ষ কর্তৃক ন্যায়পালের সংযুক্ত ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ প্রদানসহ ব্যাংকের নবীন কর্মচারীদের বুনিয়াদি প্রশিক্ষণের অন্তর্ভুক্ত করতে হবে।

**০৯। রিপোর্ট গ্রহণকারী কর্তৃপক্ষ:**

ক. এ পলিসির আওতায় অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড-সম্পর্কিত তথ্য **হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল** বরাবর সরাসরি বা ইলেকট্রনিকফর্মে দাখিল করা যাবে;

খ. **হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল** প্রদত্ত নির্দেশনা/সিদ্ধান্ত/পরামর্শ ব্যাংক কর্তৃপক্ষ ব্যাংকের প্রচলিত বিধি মোতাবেক দ্রুততার সাথে বাস্তবায়ন করবে। পাশাপাশি হুইসেল ব্লোয়ার্স ন্যায়পালের নির্দেশনা যৌক্তিক কারণ ব্যতীত পরিপালনে ব্যর্থ হলে তা শৃঙ্খলাজনিত অপরাধ হিসেবে গণ্য হবে। এ মর্মে বিদ্যমান চাকুরি প্রবিধানমালায় বিষয়টি অন্তর্ভুক্ত করা যাবে।

গ. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ডের তথ্য কীভাবে উত্থাপন করতে হবে সে বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য পরামর্শের লক্ষ্যে হুইসেল ব্লোয়ারগণ ন্যায়পাল সচিবালয় (ভিজিল্যান্স ডিপার্টমেন্টের প্রধান, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০)-এর সাথে নিম্নোক্তভাবে যোগাযোগ করা যাবে:

- সরাসরি;
- টেলিফোনে;
- মোবাইলে;
- ই-মেইলে;
- পত্রের মাধ্যমে।

ঘ. **হুইসেল ব্লোয়ার্স ন্যায়পাল** তথ্য প্রদানকারী কর্মচারী এবং সে তথ্য সম্পর্কে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করবেন।

**১০। অবৈধ/অনৈতিক কর্মকাণ্ডের তথ্য প্রদান পদ্ধতি:**

ক. অবৈধ ও অনৈতিক কর্মকাণ্ড-সম্পর্কিত তথ্যাদি টেলিফোন, মোবাইল, ই-মেইল বা অন্য যেকোনো ইলেকট্রনিক মাধ্যমে অথবা লিখিত বা সরাসরি তথ্য প্রদান করা যাবে;

খ. অভিযোগ দাখিলের ক্ষেত্রে অভিযোগকারীকে ঘটনার বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে। প্রমাণকসহ আনুষঙ্গিক তথ্যাদি থাকলে অভিযোগপত্রের সাথে তা সংযুক্ত করতে হবে। অভিযোগপত্রে যতদূর সম্ভব নিম্নলিখিত বিষয়সমূহ সন্নিবেশ করতে হবে:

(১) অভিযোগকারীর নাম, পদবি ও কর্মস্থল;
(২) যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে তার নাম, পদবি ও কর্মস্থলসহ অন্যান্য তথ্য;
(৩) তারিখ ও ঘটনা সংঘটনের স্থান;
(৪) ঘটনার বিস্তারিত বিবরণ;
(৫) সাক্ষীর নাম (যদি থাকে);
(৬) উদ্ধৃত ঘটনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম, পরিচয়;
(৭) প্রয়োজনে অতিরিক্ত তথ্যাদি ও প্রামাণ্য দলিল;
(৮) অভিযোগকারীর স্বাক্ষরসহ অভিযোগপত্র পেশ করার তারিখ;

গ. অবৈধ/অনৈতিক বিষয়ে একক বা সমষ্টিগতভাবে তথ্য প্রদান করা যাবে।

**১১। হুইসেল ব্লোয়িং পলিসির পরিপালন ও অনুশীলন:**

বোর্ড বা ন্যায়পালের পরামর্শ ও নির্দেশনা মোতাবেক এ পলিসির যেকোনো ধারা সংশোধন ও যুগোপযোগী করা যাবে।

**১২। হুইসেলব্লোয়ারের সুরক্ষাব্যবস্থা:**

ক. কোনো হুইসেলব্লোয়ারের সম্মতি ব্যতীত তার পরিচিতি প্রকাশ করা যাবে না;

খ. এ পলিসি অনুযায়ী হুইসেল ব্লোয়িং কার্যক্রমের জন্য হুইসেলব্লোয়ারের বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে তার ক্ষতির উদ্দেশ্যে অনৈতিকতার আশ্রয় নিয়ে প্রদত্ত তথ্যের উপর শাস্তিমূলক বা হয়রানিমূলক কোনো ব্যবস্থা গ্রহণ করা যাবে না;

গ. হুইসেলব্লোয়ার কখনো কোনো হয়রানি বা নির্যাতনের বিরুদ্ধে প্রতিকার চাইলে অনতিবিলম্বে প্রতিকার প্রদানের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

ঘ. হুইসেলব্লোয়ার তার নিজস্ব সুরক্ষার জন্য ন্যায়পালের নিকট আবেদন করতে পারবেন। আবেদনকারীর সুরক্ষার বিষয়টি ন্যায়পালের এখতিয়ারে থাকলে তিনি নিজেই ব্যবস্থা গ্রহণ করবেন অথবা, প্রয়োজনবোধে পরিচালনা পর্ষদের নিকট উপস্থাপন করবেন।

ঙ. ইচ্ছাকৃতভাবে অসৎ উদ্দেশ্যে কোনো অসত্য/ভিত্তিহীন তথ্য প্রদান করলে অনুরূপ তথ্য প্রদানকারীর বিরুদ্ধে **জনতা ব্যাংক লিমিটেড চাকুরি প্রবিধানমালা** অনুযায়ী শৃঙ্খলাভঙ্গের অভিযোগে বিভাগীয় মামলা রুজুসহ প্রশাসনিক ও প্রযোজ্য যেকোনো ব্যবস্থা গ্রহণে বাধা থাকবে না।

**১৩। নামবিহীন বা বেনামি হুইসেল ব্লোয়িং:**

হুইসেলব্লোয়ারের নাম ও পরিচয় উল্লেখ না থাকলে প্রদত্ত তথ্যের গুরুত্ব, বিশ্বাসযোগ্যতা এবং তা প্রমাণের সুযোগের বিষয় সতর্কতার সঙ্গে বিবেচনায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**১৪। বিবিধ:**

ক. হুইসেলব্লোয়িং পলিসির আওতায় এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত ন্যায়পাল বিভিন্ন কার্যবিধি, নির্দেশনা জারি করতে পারবেন;

খ. এ পলিসিতে বর্ণিত কোনো বিষয়ে ব্যাখার প্রয়োজন হলে ন্যায়পালের পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

গ. পরিচালনা পর্ষদের সিদ্ধান্তক্রমে এ পলিসি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যাবে।

জনতা ব্যাংক লিঃ এইচ আর ডি ডি প্রধান কার্যালয়, ঢাকা



■■■